



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি,  
১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০  
(www.imli.gov.bd)

স্মারক নং-৩৭.২৬.০০০০.০০০.১২০.০২.০০০৩.২৫-৩১৬(চ)

তারিখ: ৩রা পৌষ ১৪৩২  
১৮ই ডিসেম্বর ২০২৫

## বিজ্ঞপ্তি

**বিষয়: মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক প্রতিবছরের ন্যায় এ বছরও ৪ (চার) দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। ৪ (চার) দিনব্যাপী অনুষ্ঠানমালার সর্বশেষ দিন আগামী ২৪শে ফেব্রুয়ারি ২০২৬ তারিখ শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শিশুরা বয়স ও শ্রেণি অনুসারে ০৮ (আট)টি বিভিন্ন দল বা গুপে বিভক্ত হয়ে নির্দিষ্ট বিষয় (থিম) অনুসারে অঙ্কন করবে। প্রাক-প্রাথমিক শ্রেণি থেকে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীরাও এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে প্রাক-প্রাথমিক থেকে দ্বিতীয় শ্রেণি এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অঙ্কনের বিষয় (থিম) উন্মুক্ত থাকবে। বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দূতাবাসে কর্মরত কূটনীতিক/কর্মকর্তাদের শিশুসন্তানসহ অন্যান্য বিদেশি শিশুরাও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

আগ্রহী প্রতিযোগীদের এতদসঙ্গে সংযুক্ত ফরম পূরণ করে আগামী ১৯শে ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সংশ্লিষ্ট দপ্তরে জমা দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

### সংযুক্তি:

১. দল, চিত্রাঙ্কনের বিষয়, অনুষ্ঠানসূচি সংক্রান্ত তথ্য ছক
২. শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ছক
৩. বিশেষ শিশুদের জন্য রেজিস্ট্রেশন ফর্ম
৪. বিদেশি শিশুদের জন্য রেজিস্ট্রেশন ফর্ম

অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান  
পরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
এবং

আহ্বায়ক

শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা উপকমিটি ২০২৬